গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
গুইমারা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## গুইমারা উপজেলা পরিষদের "এপ্রিল/২০২২খ্রি." মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব উশ্যেপ্রু মারমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২৭/০৪/২০২২খ্রি.
সময় ঃ সকাল-১০.৩০ ঘটিকায়
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কার্যালয়।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক ও খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব তুষার আহমেদ কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় করে এক সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণ একসাথে কাজ করার বিনীত আহবান জানান। পরবর্তীতে তিনি বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রঃ নং | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :**<br>সভায় উপস্থাপিত মার্চ/২০২২খ্রি. মাসের সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় তা অনুমোদন করা হয়। | মার্চ/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও ইউএনও গুইমারা। |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী জনাব মোহা: আব্দুল মান্নান জানান যে, গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় টেন্ডারকৃত প্রকল্প, পিআইসি প্রকল্প এবং আরএফকিউ প্রকল্প এর কার্যক্রম চলমান রয়েছে। সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।<br>২০২১-২০২২খ্রি. অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী উন্নয়ন সহায়তা খাতে করোনা ভাইরাস কোভিড-১৯ বিস্তার রোধকল্পে গুইমারা উপজেলায় ৪.৮৬লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দ্বারা আরএফকিউ পদ্ধতিতে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। | গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় টেন্ডারকৃত প্রকল্প, পিআইসি প্রকল্প এবং আরএফকিউ প্রকল্প এর কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য বলা হলো এবং সকল প্রকল্প সমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির নিয়ম অনুসারে বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২১-২০২২খ্রি. অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী উন্নয়ন সহায়তা খাতে করোনা ভাইরাস কোভিড-১৯ বিস্তার রোধকল্পে গুইমারা উপজেলায় ৪.৮৬লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দ্বারা আরএফকিউ পদ্ধতিতে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী গুইমারা। |
| ০৩ | **ত্রাণ শাখা:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব ইসতিয়াক আহমেদ জানান যে, ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে গুইমারা উপজেলায় টিআর কাবিটা ও কাবিখার ২য় কিস্তির কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে টিআর কাবিটা ও কাবিখার প্রকল্প সমূহ অনুমোদনের পর দ্রুত বাস্তবায়নের জন্য বলা হলো। সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুইমারা। |
| ০৪ | **প্রাণী সম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার পক্ষে জানান যে, গুইমারা উপজেলায় মার্চ/২০২২খ্রি. মাসে (১) গবাদি পশুর চিকিৎসার সংখ্যা=১=৩৩টি, (২) হাঁস-মুরগির চিকিৎসার সংখ্যা=৪১৩৬টি, | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | (৩)গবাদি পশুর টিকা প্রদান=৬১৬টি, (৪) হাঁস-মুরগীর টিকা প্রদান=৩,৫০০টি, (৫) কৃত্রিম প্রজনন সংখ্যা=৫৫টি, (৬) রাজস্ব আদায়=২,৫৭০টি। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | | |
| ০৫ | **কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার জনাব ওঙ্কার বিশ্বাস জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা কৃষি অফিসার, গুইমারা। |
| ০৬ | **মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য অফিসার জনাব সুদৃষ্টি চাকমা জানান যে, গুইমারা উপজেলায় মার্চ/২০২২খ্রি. মাসে মাঠ পর্যায়ে মৎস্যচাষীদের নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। পার্বত্য চট্টগ্রাম মৎস্য সম্পদ প্রকল্পের আওতায় গুইমারা উপজেলায় নিবন্ধিত ০৫জন জেলেকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা করে উপকরণ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুইমারা। |
| ০৭ | **সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজ সেবা অফিসার জনাব আফজাল হোসেন টিপু জানান যে, গুইমারা উপজেলায় ২০২০-২০২১খ্রি. অর্থবছরে সকল ভাতার অর্থ বরাদ্দ পাওয়া যায়। সকল ভাতা ভোগীদের ভাতার অর্থ জি টুপিতে রুপান্তরের লক্ষ্যে এম.আই.এস কার্যক্রম চলমান রয়েছে। ভাতা ভোগীদের ভাতার টাকা স্ব স্ব মোবাইলে স্থানান্তরের লক্ষ্যে গুইমারা উপজেলায় ০৩ (তিন)টি ইউনিয়নে ভাতা ভোগীদের বিকাশ একাউন্ট খোলা হয়েছে। ইউনিয়ন ভিক্ষুক পূর্ণবাসন কমিটির মাধ্যমে ভিক্ষকদের পূর্ণবাসন করার বিষয়ে আলোচনা হয়। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানা যায়। | ২০২০-২০২১খ্রি. অর্থবছরে সকল ভাতা প্রদানের কার্যক্রম সরকারি নির্দেশনা অনুসারে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার গুইমারা। |
| ০৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা জনস্বাস্থ্য অফিসার জনাব মো: আয়ুব আলী আনসারী জানান যে, গুইমারা উপজেলার গত অর্থবছরের বরাদ্দকৃত নলকূপের কার্যক্রম চলমান রয়েছে, কিন্তু বেশ কিছু নলকুপের কার্যক্রম এখনো শুরু করা সম্ভব হয় নি। অসম্পূর্ণ নলকূপের কার্যক্রম দ্রুত সম্পূর্ণ করার বিষয়ে ঠিকাদার বরাবরা পত্র প্রেরণ করা হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে।<br>উপজেলা চেয়ারম্যান, গুইমারা "নলকূপ পাওয়ার নিমিত্তে উপকার ভোগীগণ ব্যাংকে সরকারি ফি জমা দেওয়ার দীর্ঘ দিন পরও নলকূপ স্থাপনের কার্যক্রম শুরু না হওয়ায়" দুঃখ প্রকাশ করেন। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো।<br>যেসমস্থ নলকূপের কার্যক্রম এখনো শুরু করা সম্ভব হয় নাই, সেসমস্থ নলকূপের কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জনস্বাস্থ্য অফিসার, গুইমারাকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল গুইমারা। |
| ০৯ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসারের জনাব হিটলারুজ্জামান জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গুইমারা। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষে জনাব মো: বাবলু হোসেন, প্রধান শিক্ষক, গুইমারা সরকারি উচ্চ বিদ্যালয় জানান যে, জেএসসি এবং জেডিসি পরীক্ষার প্রস্তুতি নেওয়া হচ্ছে। উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের গার্লস গাইড কার্যক্রম শুরু করা হবে। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গুইমারা। |
| ১১ | **মহিলা বিষয়ক অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাবা মোছা: হাছিনা আক্তার জানান যে, গুইমারা উপজেলার ২০২১-২০২২খ্রি. অর্থবছরে ০৩টি ইউনিয়নে মার্চ/২০২২খ্রি. ০১ এক মাসের ভিজিডি ডিও পত্র দেওয়া হয় এবং খাদ্য শস্য বিতরণ করা হয়। মহিলাদের জন্য আইজিএ প্রশিক্ষণ প্রকল্প ১৪ ও ১৫ তম ব্যাচের প্রশিক্ষণের তালিকা চুড়ান্ত করা হয়। উপকারভোগীদের মাঝে বাল্য বিবাহের নেতিবাচক দিক, বিবাহ রেজিষ্ট্রেশন না থাকার কুফল সম্পর্কে আলোচনা ও সচেতনতা করা হয়। এছাড়াও কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | **উন্নয়ন অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত:** উপজেলা যুব উন্নয়ন সহকারী অফিসার জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা যুবউন্নয়ন অফিসার, গুইমারা। |
| ১৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে স্যানিটারি ইন্সপেক্টর জনাব আব্দুল কাদের মুজাহিদ অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার গুইমারা |
| ১৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থেকে সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গুইমারা। |
| ১৫ | **রেঞ্জ কর্মকর্তা ঃ** উপজেলা রেঞ্জ কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | রেঞ্জ কর্মকর্তা, জালিয়া পাড়া রেঞ্জ |
| ১৬ | **খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য গুদাম পরিদশক জানান যে, গুইমারা উপজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্যগুদাম গুইমারা। |
| ১৭ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক জনাব শান্তনু মহাজন জানান যে, গুইমারা উপজেলায় জুলাই/২০২১খ্রি. হতে ফেব্রুয়ারী/২০২২খ্রি. পর্যন্ত পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬,২০.৪৬/-লক্ষ টাকা, অর্জন ৩৫২.২১/-লক্ষ টাকা, হার ৫৬.৭৭%। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬২০.৪৬/-লক্ষ টাকা, অর্জন ২৮৫.৩৯/-লক্ষ টাকা, হার ৪৬.০০%। চলতি ঋণ ৫৯২.৪১লক্ষ টাকা, খেলাপি ঋণ ১২৯.১০/-লক্ষ টাকা, মোট বকেয়া ৭,২১.৫১/-লক্ষ টাকা। সঞ্চয় আদায় লক্ষ্যমাত্রা ০০.০০/-লক্ষ টাকা, অর্জন ৩০.১৫/-লক্ষ টাকা।<br>গুইমারা উপজেলায় ০৩ তিন ইউনিয়নে সমিতি সংখ্যা ৭৭টি, সদস্য সংখ্যা ৩৬০৩জন, সঞ্চয় জমা ২৭২.৭৯ লক্ষ টাকা। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সকল কার্যক্রম স্বাচ্ছতার সাথে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে শতভাগ ঋণ আদায়, সমিতি গঠন ও অন্যান্য কার্যক্রম সরকারি নিয়ম অনুসারে সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, গুইমারা |
| ১৮ | **টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড) ঃ** উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জনাব টিটন চাকমা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, গুইমারা। |
| ১৯ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প-২) :** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা (ভারপ্রাপ্ত দায়িত্ব) জনাবা অর্জিনা ত্রিপুরা জানান যে, মার্চ/২০২২খ্রি. মাসে মোট সেবা গ্রহীতার সংখ্যা ৭০০জন। তথ্যকেন্দ্রে সেবা ১৫০জন। ডোর টু ডোর সেবা প্রদান ৫০০জন। উঠান বৈঠক ০৬টি, সেবা গ্রহীতা ৩০০জন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | নিয়মিত উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম সহ সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা তথ্য সোবা কর্মকর্তা গুইমারা |
| ২০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। এবং সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুইমারা |
| ২১ | **(উপজেলা পরিষদ সংক্রান্ত) :** বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক গুইমারা উপজেলায় চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২২ এর তফসিল ২৫ এপ্রিল ২০২২খ্রি. তারিখে ঘোষণা করা হয়েছে। পরিষদের মেয়াদ ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়া সত্বেও উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের কোন সম্মানী গ্রহণ বা প্রদান করা সম্ভব হয়নি যা খুবই দু:খ জনক। স্থানীয় সরকার বিভাগ বরাবর বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ এবং উপজেলা পরিষদ | বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক গুইমারা উপজেলায় চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২২ এর তফসিল ২৫ এপ্রিল ২০২২খ্রি. তারিখে ঘোষণা করা হয়েছে। পরিষদের মেয়াদ ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়া সত্বেও উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী প্রদানের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ বরাবর বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও ইউএনও গুইমারা। |

উপজেলা পরিষদ গুইমারা এর এপ্রিল / ২০২২ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি তালিকা / তারিখ: ২৭/০৪/২২ উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব উশ্যেপ্রু মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ গুইমারা।

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | তুষার আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার, গুইমারা | |
| ০২ | ঝর্না ত্রিপুরা | ভাইস চেয়ারম্যান (মহিলা) | [signature] |
| ০৩ | উ্লাসাপ্রু মারমা | উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য | |
| ০৪ | সুইজাইপ্রু মারমা | চেয়ারম্যান, গুইমারা ইউপি | [signature] |
| ০৫ | চাইথোয়াই চৌধুরী | চেয়ারম্যান, হাফছড়ি ইউপি | [signature] |
| ০৬ | রেদাক মারমা | চেয়ারম্যান, সিন্দুকছড়ি ইউপি | [signature] |
| ০৭ | ওঙ্কার বিশ্বাস | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ০৮ | [illegible] আক্তার | UWAO | [signature] |
| ০৯ | [illegible] | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] |
| ১০ | দীপায়ন খীসা | উপজেলা সমাজ [illegible] | [signature] |
| ১১ | সুদর্শি চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা) | [signature] |
| ১২ | রুনি চাকমা | UDF, UGDP | [signature] |
| ১৩ | দীপময় তালুকদার | সহ: প্রা: শি: কর্মকর্তা | [signature] |